# সেকশন-৫(এ)

১৩। অদ্য ২৭-১১-২০১৩ খ্রিঃ সকাল ১১.৩০ টায় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় পণ্যের নমুনা, GRI, BCT, কাস্টমস এ্যাক্ট ও Explanatory Notes এর আলোকে উপস্থাপিত বিষয় পর্যালোচনা করা হয়। ইনভয়েস ঘোষণা অনুযায়ী পণ্য হলো Body for Refrigerator without Door এবং ঘোষিত এইচ এস কোড ৮৪১৮.৯৯.১০ (শুল্কহার ২৫%+৫%+১৫%+অন্যান্য করাদি প্রযোজ্য)। পণ্য চালান ১০০% কায়িক পরীক্ষা করা হয় এবং কায়িক পরীক্ষা প্রতিবেদনে পণ্য ইনভয়েস ও প্যাকিং লিষ্ট অনুযায়ী যথাযথ মর্মে উল্লেখ করা হয়। কিন্তু Body এর সাথে Evaporator, Condensor ইত্যাদি আছে কিনা তা সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি। Explanatory Notes heading 84.18 এ বলা হয়েছে- ৮৪.১৮ হেডিং ভুক্ত Refrigerator প্রধানত দু'ধরনের, যথাঃ

a) Compression type refrigerators এবং

b) Absorption type refrigerators

১৪। Apparatus of the forgoing kinds are classified in this heading if in the following forms:

(1) Cabinet or other furniture or appliances incorporating a completing refrigerating unit or an evaporator of a refrigerating unit, whether or not equipped with ancillary devices such an agitators, mixers, moulds.

(2) These appliance include domestic refrigerators, refrigerated showcase and counters, ice-cream or frozen food storage containers ..........etc.". অর্থাৎ Refrigerator Body তে evaporator সংযুক্ত থাকলে তা Complete Refrigerator হিসেবে শ্রেণীবিন্যস্ত হবে।

১৫। পণ্যের নমুনা পর্যালোচনা করে দেখা যায় যে, আলোচ্য চালানের Refrigerator Body তে Evaporator Pipe সংযুক্ত আছে।

১৬। আমদানিকারক প্রতিনিধি জানান যে, আলোচ্য প্রতিষ্ঠানটি একটি প্রতিষ্ঠিত সংযোজন শিল্প প্রতিষ্ঠান। আমদানিকৃত যন্ত্রপাতি এবং যন্ত্রাংশ শিল্পের কাচাঁমাল হিসেবে আমদানি পরবর্তীতে তা তাদের শিল্পে সংযোজন করে থাকেন। শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাচাঁমাল আমদানির ক্ষেত্রে তাদের পণ্যের উপর সম্পূরক শুল্ক প্রত্যাহার করা হয়েছে। উপরন্তু আমদানিকারকের প্রতিনিধি জানান যে, আলোচ্য পণ্যে Evaporator Pipe থাকলেও Expansion Valve নেই। তাই, একে Evaporator বলা সমীচীন নয়। তিনি পূর্বের ধারাবাহিকতায় এইচ এস কোড ৮৪১৮.৯৯.১০ তে শ্রেণীবিন্যাসের দাবী জানান।

১৭। ডাটাবেজ পর্যালোচনায় দেখা যায়, Evaporator, Condensor এবং Compressor ছাড়া Refrigerator Body without Door প্রতি কেজি ১.৫০ মাঃ ডলারে শুল্কায়ন করা হয়ে থাকে। এক্ষেত্রে যেহেতু Refrigerator Body without Door তে শুধুমাত্র Evaporator Pipe সংযুক্ত তাই কিছু মূল্য সংযোজন হওয়ায় প্রতি কেজির মূল্য ১.৬০ মাঃ ডলার হিসেবে শুল্কায়নের বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ ঐকমত পোষন করেন।

১৮। আমদানিকারক আবেদনে উল্লেখ করেছেন Expansion Valve নেই। তাই এটা সম্পূর্ণ Evaporator বলা যায় না। Explanatory Notes পর্যালোচনায় দেখা যায়, Evaporator থাকলে এইচ এস কোড ৮৪১৮.২১.০০ তে শুল্কায়নযোগ্য। কিন্তু Evaporator এ Expansion Valve থাকতেই হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট কিছু বলা নাই। আবেদনকারীর আবেদনের বিষয়ে সুস্পষ্ট দিক নির্দেশনা চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করার বিষয়েও কমিটি সুপারিশ করে এবং সিদ্ধান্ত প্রাপ্তির পূর্ব পর্যন্ত এইচ এস কোড ৮৪১৮.২১.০০ ও ৮৪১৮.৯৯.১০ এর পার্থক্যজনিত শুল্ককরাদির সমপরিমান অঙ্গীকারনামা (আমদানিকারক ও উৎপাদনকারী প্রতিষ্ঠান) রেখে সাময়িক শুল্কায়নের মাধ্যমে পণ্য ছাড়ের বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ ঐক্যমত পোষন করেন।

আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি | সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি

আই এম এম রফিকুল ইসলাম
২য় সহ সভাপতি

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-(৫)

সহকারী কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম
(সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-৩
(সদস্য)
মোঃ আবদুল হাকিম
জয়েন্ট কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

যুগ্ম কমিশনার-২
(সদস্য)
শেখ আবু ফয়সল মোঃ মুরাদ
যুগ্ম কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

যুগ্ম কমিশনার-১
(সদস্য)
মোহাম্মদ নেয়াজুর রহমান
যুগ্ম কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

২২। ২৩/১১/১৬ তারিখ আমদানিকারক M/s. Antim Knit Composite Ltd, Narayanganj কর্তৃক আমদানিকৃত Brand New Fire Protection Sprinklers System & Equipment: Various Size ১০৪.০১১ মেঃ টন Carbon Steel Pipe এর বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় আলোচ্য চালানের ইনভয়েস, প্যাকিং লিষ্ট, প্রোফর্মা ইনভয়েস, প্ল্যান্টের লে-আউট প্ল্যান্ট ও Explanatory Notes Of Harmounized System এর ব্যাখ্যা পর্যালোচনা করা হয়েছে।

২৩। Brand New Fire Protection Sprinklers System এর জন্য আমদানিকৃত Carbon Steel Pipe স্থাপন পরবর্তীতে এর বিষয়ে বিশেষজ্ঞ প্রতিবেদন দাখিলের শর্তে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিলের শর্তে এবং পূর্বে সমজাতীয় পণ্য চালানের খালাসকৃত দলিলাদি দাখিল করে এলসি/প্রোফর্মা ইনভয়েস ভুক্ত সমস্ত পণ্যের সমন্বয়ে গঠিত Fire Protection Sprinklers System হবে মর্মে এইচ এস কোড ৮৪২৪.২০.৩০ এ শ্রেনীবিন্যাসপূর্বক শুল্কায়নের বিষয়ে কমিটির সদস্যগণ একমত পোষন করেন। আমদানিকারক জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-১(৭) শুঃ নীঃ ও বাঃ/২০০৫/৫৭২, তারিখঃ ২১/১০/১৫ দাখিল করেছেন যা নথির পত্রাংশে রক্ষিত আছে।

23/11/16
আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি

সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি

28/11/16
চেম্বার প্রতিনিধি

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

ডেপুটি কমিশনার
শুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-৩
(সদস্য)

যুগ্ম কমিশনার-২
(সদস্য)

যুগ্ম কমিশনার-১
(সদস্য)

07/12/16
অতিরিক্ত কমিশনার-২
(সদস্য)

01.12.16
অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

২৪। Assessment Committee এর সুপারিশ মোতাবেক বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

কমিশনার

01.12.16
শওকত আলী সাদী
এডিশনাল কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।

RO

২৫। [illegible]

২২। অদ্য আমদানিকারক M/s. Square Pharmaceuticals Ltd. (Pet Bottle Devision) কর্তৃক HVAC System এর আওতায় আমদানিকৃত Duct Insulation & Pipe Insulation এর বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় চালানের ইনভয়েস, প্যাকিং লিষ্ট, প্রোফর্মা ইনভয়েস, প্ল্যান্টের লে-আউট প্ল্যান্ট ও জাতীয় রাজস্ব বোর্ডের Capital Machinery শুল্কায়ন সংক্রান্ত পত্র ও Explanatory Notes Of Harmounized System এর ব্যাখ্যা পর্যালোচনা করা হয়েছে।

২৩। এ্যাসেসমেন্ট কমিটির সভায় বিযুক্ত অবস্থায় Plant/Machinery আমদানির ক্ষেত্রে Explanatory Notes, Bangladesh Custom Tariff (BCT) এর প্রথম তফসিল এবং জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা পত্র নং-০৮.০১.০০০০.৫৩.০৩.০২০.১৫/৫৭, তারিখঃ ০৪/০২/২০১৬ খ্রিঃ পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় Central Air Conditioning System এর অপরিহার্য Component Chiller, Air Handling Unit এবং Fan Coil Unit এর সঙ্গে Connecting, Circulating Device হিসাবে Pipe, Duct ইত্যাদি প্রয়োজনা হয়। এজাতীয় Device যাতে তাপ বিকিরণ করতে না পারে সে জন্য এ সকল Device এর সঙ্গে অপরিহার্য অংশ হিসাবে Insulation বা Insulating Materials প্রয়োজন হয়ে থাকে। এ্যাসেসমেন্ট কমিটি এর সকল সদস্য Central Air Conditioning System এর ক্ষেত্রে এ সকল Insulation (Duct & Pipe Insulation) এর অপরিহার্যতা বিষয়ে একমত পোষণ করেন।

২৪। সভায় Central Air Conditioning System এর জন্য প্রয়োজনীয় Insulation এর পরিমাণ নিরূপনে জটিলতা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ একমত পোষণ করেন যে এ জাতীয় Insulation এর পরিমাণ System এর Capacity উপর এককভাবে নির্ভরশীল নয়। বরং স্থাপনার (Building, Factory ইত্যাদি) আকার, উচ্চতা ইত্যাদি বিষয়ের উপর নির্ভরশীল। সঙ্গত কারণে Central Air Conditioning System এর Capacity এমনকি শুধুমাত্র Layout Plan যাচাইপূর্বক Insulation এর যথাযথ পরিমাণ যাচাই করা শুল্কায়নকারী কর্মকর্তার পক্ষে দুরূহ।

২৫। উপরোক্ত সকল বিষয় বিবেচনায় নিয়ে এ্যাসেসমেন্ট কমিটি নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করে ঃ

ক) Central Air Conditioning System এর অংশ হিসাবে Insulation বা Insulating Materials আমদানি হলে আমদানিকারক এজাতীয় Insulation এর ক্যাটাগরী ভিত্তিক পরিমাণের তালিকা দাখিল করবেন যেন তা Layout Plan এর সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।

খ) এজাতীয় তালিকা/প্রত্যয়ন এবং আনুষঙ্গিক অন্যান্য দলিলাদির ভিত্তিতে সাময়িক শুল্কায়নপূর্বক পণ্য চালান ছাড় প্রদান করতে হবে। পরবর্তীতে BUET/CUET এর বিশেষজ্ঞ প্রতিবেদন পাওয়া সাপেক্ষে চূড়ান্ত শুল্কায়ন করতে হবে।

০২.১১.১৬
আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি

০২/১১/১৬
সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি

চেম্বার প্রতিনিধি

০২.১১.১৬
সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

ডেপুটি কমিশনার
শুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-৩
(সদস্য)

যুগ্ম কমিশনার-২
(সদস্য)

যুগ্ম কমিশনার-১
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-২
(সদস্য)

০২.১১.১৬
অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

২৬। Assessment Committee এর সুপারিশ যাচাই বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

02.11.16

কমিশনার

শওকত আলী সাদী
এডিশনাল কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।

২৭। উপস্থাপিত। তবে উল্লিখিত পণ্যচালান হতে আগামীতে সাময়িক শুল্কায়নের ক্ষেত্রে নির্দেশক মূল্য নেয়া যেতে পারে। বোর্ড এর 08/11/16 তারিখের পত্রে তেমন নির্দেশনা রয়েছে।

02/11

AC

JC

DC

RO
মোহাম্মদ আরিফুল ইসলাম
ডেপুটি কমিশনার
কাস্টম হাউস চট্টগ্রাম।

২৮। তদনুযায়ী সোপানবদ্ধ সাময়িক শুল্কায়ন করা হলো।

07.11.16
(ফেরিদ আহম্মেদ)
সহকারী রাজস্ব কর্মকর্তা
সেকশন-৫(এ)
কাস্টম হাউস, চট্টগ্রাম।

RO (ডিএ)

মোঃ দিলদার হোসেন ভূঁইয়া
রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)
কাস্টম হাউস, চট্টগ্রাম।

২৭। ২৩.০৭.২০১৭ ইং তারিখ M/S. J. S. International, 702, Southland Center, 05, Agrabad C/A, Chittagong. কর্তৃক এল/সি নং: ০০০০১৩৪১১৭০১০৩২১ তারিখঃ ২৬/০৪/১৭ইং, বি/ই নং সি-৮৪৯৬৬৩ তারিখঃ ০৩/০৭/১৭ এর আওতায় আমদানীকৃত Water Treatment Plant এর সঠিক এইচ এস কোড নির্ধারণ বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়।

২৮। আমদানিকারক বি/ই নং সি-৮৪৯৬৬৩ তারিখঃ ০৩/০৭/১৭ এর মাধ্যমে এইচ এস কোড ৮৪২১.২১.৯৯ (শুল্কহার ২৫%+৩%+১৫%+অন্যান্য করাদি প্রযোজ্য) ঘোষনায় আমদানি দলিলাদি দাখিল করেন। পরবর্তীতে ০৯/০৭/১৭ তারিখ পণ্যটি এইচ এস কোড ৮৪২১.২১.৯৩ তে শুল্কায়ন করার জন্য কমিশনার মহোদয় বরাবর আবেদন করেন।

২৯। আমদানিকৃত পণ্য Water Treatment Plant যা Army Headquarter Master General's Branch এর লালমনিরহাট সেনাবাহিনীর Modernization of Military Farm Project এর দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট এ স্থাপন করা হবে। আমদানি হওয়া পণ্যের তালিকা পর্যালোচনায় দেখা যায়, RO, UV সহ বিভিন্ন ধরনের Filter সহ Ozone Generator ইত্যাদি রয়েছে । পর্যালোচনায় আরও দেখা যায়, Plant-টির Capacity 10,000 Litre/Hour। বিবেচ্য প্ল্যান্টটির মাধ্যমে মিলিটারি ফার্ম লালমনিরহাট এর ডেইরি প্ল্যান্টের দুগ্ধ প্রক্রিয়াকরণের জন্য পানি বিশুদ্ধ করতঃ সরবরাহ করা হবে, ইউনিটে ব্যবহারের জন্য বিশুদ্ধ পানি সরবরাহ করা হবে এবং যে কোন প্রাকৃতিক দুর্যোগে দুর্গত এলাকায় বিশুদ্ধ পানি বোতলজাত করতঃ সরবরাহ করা হবে মর্মে আমদানিকারক জানান এবং পণ্যটির সঠিক এইচ এস কোড নির্ধারণের জন্য অনুরোধ করেন। সার্বিক বিবেচনায় বিবেচ্য প্ল্যান্টটি Industrial Water Treatment Plant মর্মেই প্রতীয়মান।

৩০। আমদানিকারকের আবেদন পত্র, 1st Schedule, Explanatory Notes পর্যালোচনায় এবং আমদানিকৃত পণ্য Water Treatment Plant যা Army Headquarter Master General's Branch এর লালমনিরহাট সেনাবাহিনীর Modernization of Military Farm Project এর দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট এ স্থাপন করা হবে বিবেচনায় Army Headquarter এর পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত পণ্য এইচ এস কোড ৮৪২১.২১.৯২ তে শ্রেণীবিন্যাস বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ একমত পোষন করেন।

আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি | সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

২৪.০৭.১৭
এ্যাসিস্ট্যান্ট কমিশনার
শুল্কায়ন সেকশন-৫(এ)
(সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-৩
(সদস্য)

যুগ্ম কমিশনার-২
(সদস্য)

২৪.০৭.১৭
যুগ্ম কমিশনার-১
(সদস্য)

২৫.৭.১৭
অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

অতিরিক্ত কমিশনার-২
(সদস্য)

৩১। Assessment Committee এর সুপারিশ সদয় বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

কমিশনার

শওকত আলী সাদী
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

25.7.17

২। আমদানীকারকঃ M/S. SMART FI53T LTD, 75/4, TEJTURI BAZAR, CHAWK (INDIRA ROAD), SHERE-E-BANGLA NAGAR, TEJGAON, DHAKA-1215 এল সি নং ০০০২৩৬১১৭০১০০৪৬ তাং ২১/০৩/১৭ই, ইনভয়েস নং- ১৭০২৩৯৬৫ তাং ২৯/০৩/২০১৭ইং, বি এল নং-১৭০৫২৯৫৫ তাং ২৬/০৫/১৭ইং এর মাধ্যমে ২ নং আইটেম এ AC Machine এইচ এস কোড ৮৪১৫.২০.২০ ঘোষণা দিয়ে পণ্য চালানটি আমদানি করে খালাসের নিমিত্তে বিল অব এন্ট্রি নং-সি-১০০৭৬১০ তারিখ: ০৫/০৮/২০১৭ইং দাখিল করা হয়। পন্য চালানটি কায়িক পরীক্ষা সম্পন্ন করে ঘোষিত এইচ. এস. কোডে শুল্কায়ন করা হয়। পরবর্তীতে আমদানীকারক আবেদনের মাধ্যমে পন্যটি AC Machine নয় মর্মে প্রকৃত পন্য AC Gas Servicing Machine (Recovering, Recycling and Recharging Machine) উল্লেখ করে ৮৪১৯৬০০০ এইচ. এস.কোডে পুনরায় শুল্কায়নের অনুরোধ করেন। সিএন্ডএফ প্রতিনিধি পন্যটি এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্তের মাধ্যমে পুনঃ শুল্কায়নের জন্য আবেদন দাখিল করেন। সিএন্ড এফ কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে পন্য চালানটি পুনরায় কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষার প্রতিবেদন অনুযায়ী পন্যের বর্ণনা Automatic station for Recovering, Recycling and Recharging Station. আমদানি দলিলাদিতে পন্যটির নাম AC Machine উল্লেখ রয়েছে। আমদানিকারকের আবেদনের প্রেক্ষিতে শুল্কায়নে জটিলতা সৃষ্টি হওয়ায় এর প্রেক্ষিতে এ্যাসেসমেন্ট কমিটিতে পর্যালোচনার মাধ্যমে এইচ এস কোড নিরুপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

মাননীয় কমিশনার মহোদয়ের আদেশ মোতাবেক অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের অনুমোদনক্রমে এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্তের জন্য গত ১৪/০৯/২০১৭ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচনা ও পর্যালোচনা নিম্নরূপঃ

২.১ আলোচনাঃ-

২.১.১ আমদানিকারকের প্রতিনিধি এই মর্মে অবহিত করেন যে, আমদানী পন্যটি AC Machine হিসাবে সরবরাহকারী ও আমদানীকারক উভয় ঘোষণা ভুল করেছেন। মূলত পন্যটির AC Gas Servicing Machine (Recovering, Recycling and Recharging Machine) হবে। পণ্যটি কখনো Air Condition Machine হবে না মর্মে অবহিত করেন।

২.২.১ এ্যাসেসমেন্ট কমিটির সদস্য কর্তৃক আমদানিকারকের দাখিলকৃত দলিল, কায়িক পরীক্ষার উল্লেখিত প্রতিবেদন (Automatic station for Recovering, Recycling and Recharging Station), জেটি কাস্টমস্ কর্তৃক প্রেরিত ক্যাটালগ, Explanatory Notes ইত্যাদি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় আমদানীকৃত পণ্যটি Air Condition Machine নয়। ফলে 8415 Heading এ শ্রেণীবিন্যাসযোগ্য নয়। ক্যাটালগে মেশিনের কার্যক্রম ভিন্ন দেখা যায়। এমতাবস্থায় এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ পণ্যটি Specific এইচ. এস. কোড না পাওয়ায়, এইচ. এস. কোড ৮৪৭৯৮৯০০ (Machines, having individual functions, nes) তে শুল্কায়ন মর্মে একমত পোষণ করেন।

২.৩ ঃ সিদ্ধান্তঃ

পণ্য চালানের কায়িক পরীক্ষার উল্লেখিত প্রতিবেদন, (Automatic station for Recovering, Recycling and Recharging Station), জেটি কাস্টমস্ কর্তৃক প্রেরিত ক্যাটালগ, BCT এবং Explanatory Notes ইত্যাদি পর্যালোচনায় পন্যটি Automatic station for Recovering, Recycling and Recharging Station হিসাবে এইচ. এস. কোড ৮৪৭৯৮৯০০ তে শ্রেণী বিন্যাস করা যুক্তিযুক্ত মর্মে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ একমত পোষন করেন।

| | | |
|---|---|---|
| আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি | সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি |
| সহকারী রাজস্ব কর্মকর্তা শুল্কায়ন সেকশন-৫(এ) | রাজস্ব কর্মকর্তা শুল্কায়ন সেকশন-৫(এ) | ১৭-০৯-১৭ এ্যাসিসট্যান্ট কমিশনার শুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব) |
| জয়েন্ট কমিশনার-২ (সদস্য) | ১৮.০৯.১৭ জয়েন্ট কমিশনার-১ (সদস্য) | |
| এডিশনাল কমিশনার-২ (সদস্য) | ১৮/৯/২০১৭ এডিশনাল কমিশনার-১ (সভাপতি) | |

৩০। সংশ্লিষ্ট ... সিদ্ধান্ত অনুযায়ী HS code ৮৪৭৯৮৯০০ তে শুল্কায়ন করা যায়।

১৯/৯/২০১৭

ড. নাহিদা ফরিদী
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম

৩১। ক্যাটালগটি কি ... সাথে সংযুক্ত? তাহাতে ... R134a gas ..., operating temperature 11/49°C, Compressor 1/3 HP ইত্যাদি ক্যাটালগে উল্লেখ আছে। ... indicate ... Air Conditioned machine ... সংশ্লিষ্ট।

২৪। ০৮-০১-২০১৭ খ্রিঃ তারিখে অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় GRI, BCT, দি কাস্টমস এ্যাক্ট ও Explanatory Notes এর আলোকে উপস্থাপিত বিষয় পর্যালোচনা করা হয়। ইনভয়েস ঘোষণা অনুযায়ী পণ্য হলো Refrigeration Condensing Unit, Unit Cooler, Bock Compressor এবং ঘোষিত এইচ এস কোড ৮৪১৯.৯০.০০,৮৪১৪.৩০.১০ (শুল্ক ১%)। আমদানিকারকের পক্ষে ডিজিএম জনাব মোঃ এমদাদুল হক উপস্থিন হন। তিনি আমদানিকৃত মেশিনারীজ তাঁর প্রতিষ্ঠানে কিভাবে ব্যবহার করা হবে এ বিষয়ে বিষদ ব্যাখ্যা প্রদান করেন।

২৫। সানোয়ারা ড্রিংস এন্ড বেভারেজ কর্তৃক আমদানিকৃত রেফ্রিজারেশন কন্ডেনসিং ইউনিট এর প্রতিটি কন্ডেনসিং ইউনিট এ একটি করে কম্প্রেসর ও একটি করে কন্ডেনসর থাকে, যা একসাথে একই ফ্রেমের উপর স্থাপন করা থাকে এবং এটি কোল্ড রুমের বাইরে স্থাপন করতে হয়। কন্ডেনসারটি এয়ার কুল কন্ডেনসিং হিসাবে ব্যবহৃত হয়। প্রথমে কম্প্রেসর চালু হয়ে ডেলিভারি পাইপের মাধ্যমে গ্যাস কন্ডেনসার ইউনিটে যায়, কন্ডেনসার ইউনিট থেকে গ্যাস রিসিভারে যায়। এ অবস্থায় গ্যাস লিকুয়িডে রূপান্তারিত হয়। এরপর রিসিভার হয়ে লিকুয়িড গ্যাস এক্সপানশন হয়ে কোল্ড রুমের ভিতরে স্থাপিত ইভাপোরেটরে যায় এবং কোল্ড রুমের তাপমাত্রা ধীরেধীরে আইসক্রীম সংরক্ষনের উপযোগী তাপমাত্রায় (-২৫° সেলসিয়াস থেকে -৩০° সেলসিয়াস) এ নামানো হয় এবং গ্যাস পুনরায় কম্প্রেসর এর সাকশন লাইনে ফিরে যায়। এই চক্রটি প্রতিনিয়ত চলতে থাকে, যতক্ষন ইউনিট চালু থাকে ।

২৬। আমদানিকারকের প্রতিনিধির বক্তব্য, চালানে দাখিলকৃত দলিলাদি, কায়িক পরীক্ষা প্রতিবেদন, GRI, BCT, দি কাস্টমস এ্যাক্ট ও Explanatory Notes পর্যালোচনায় আমদানিকৃত পণ্য এইচ এস কোড ৮৪১৮.৬৯.১০ ৮৪১৪.৩০.১০ তে শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ একমত পোষন করেন। একই সাথে আমদানিকারকের পক্ষে সভায় প্রদত্ত বক্তব্যের আলোকে একটি লিখিত আবেদন দাখিল করেন এবং এ্যাসেসমেন্ট কমিটি আমদানিকৃত পণ্য চালানটি এইচ এস কোড ৮৪১৮.৬৯.১০ ৮৪১৪.৩০.১০ তে শুল্কায়নের জন্য ঐক্যমত পোষন করেন।

আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি | সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা ৯/১/১৭
শুল্কায়ন সেকশন-৫(এ)

ডেপুটি কমিশনার
শুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-৩
(সদস্য)

যুগ্ম কমিশনার-২
(সদস্য)

যুগ্ম কমিশনার-১
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-২
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

২৭। Assessment Committee এর সুপারিশ সদয় বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

কমিশনার

১৫। ০৮/০২/১৭ তারিখ আমদানিকারক M/s. The Aircons, House-39, Road-05, Block-C, Banosree, Rampura, Dhaka কর্তৃক এলসি নং-০০০০১০৮০১৬০১০২৭৯ তারিখঃ ২৪/০৮/১৬ এর আওতায় আমদানিকৃত VRF Air Conditioning System এর বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় আলোচ্য চালানের ইনভয়েস, প্যাকিং লিষ্ট, প্রোফর্মা ইনভয়েস ও Explanatory Notes Of Harmounized System এর ব্যাখ্যা পর্যালোচনা করা হয়েছে।

১৬। গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ (জিটিসিএল) এর পত্র সূত্র নং-২৮.১৪.০০০০.১৭০.০৬.০০৫.১৭.২১৮ তারিখঃ ০৫/০২/১৭ উল্লেখ করেন যে, "Air Cooler গুলো GTCL প্রধান কার্যালয়ের জন্যই আমদানি করা হয়েছে যা বন্দর থেকে GTCL প্রধান কার্যালয় ভবন পর্যন্ত মামলামগুলো পৌঁছানোর দায়িত্ব GTCL বহন করবে। উল্লেখ্য যে, ইতোমধ্যে প্রকল্পের Air Cooler স্থাপন ব্যতীত সকল কাজ সম্পন্ন হয়েছে। আগামী মার্চ ২০১৭ এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভবনটি শুভ উদ্বোধনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত শুভ উদ্বোধনের পূর্বে প্রকল্পের সমূদয় বাস্তব কাজ সম্পাদনের নিমিত্ত আমদানিকৃত Air Cooler সমূহ দ্রুততম সময়ের মধ্যে ছাড়করণের জন্য অনুরোধ করেন"।

১৭। পণ্য চালানটি স্থাপনের পর চুয়েটের বিশেষজ্ঞের প্রতিবেদন দাখিলের শর্তে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আলোচ্য পন্য চালানটি VRF Air Conditioning System হওয়ায় এইচ এস কোড ৮৪১৫.১০.১০ এ শ্রেনীবিন্যাসপূর্বক সাময়িক শুল্কায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। জাতীয় রাজস্ব বোর্ডের এতদসংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে স্থাপন স্থল পরিদর্শনপূর্বক বিশেষজ্ঞগণ প্রতিবেদন দাখিল করবেন। পরিদর্শনকালে সহকারী কমিশনারের নিম্নে নয় এমন একজন কর্মকর্তা ও বিশেষজ্ঞগণের সাথে স্থাপনা পরিদর্শন করবেন। চুয়েটের বিশেষজ্ঞের প্রতিবেদন যদি ঘোষণার বহির্ভূত Cooling Capacity (অর্থাৎ Single Outdoor Condensing Unit হিসেবে না হলে) এর ক্ষেত্রে বিধি মোতাবেক শুল্করাদি পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। যেহেতু পণ্য চালানটি VRF Air Conditioning System গঠিত হবে মর্মে এইচ এস কোড ৮৪১৫.১০.১০ এ শ্রেনীবিন্যাসপূর্বক শুল্কায়নের বিষয়ে কমিটির সদস্যগণ একমত পোষন করেন। উল্লেখ্য, এটি একটি সরকারী প্রজেক্ট বিধায় এ ক্ষেত্রে এ সিদ্ধান্ত প্রযোজ্য হলেও অন্যান্য বাণিজ্যিক আমদানিকারকের ক্ষেত্রে এ সিদ্ধান্ত প্রযোজ্য হবে না মর্মেও এ্যাসেসমেন্ট কমিটি সিদ্ধান্ত প্রদান করেন।

আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি | সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

ডেপুটি কমিশনার
শুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-৩
(সদস্য)

যুগ্ম কমিশনার-২
(সদস্য)

যুগ্ম কমিশনার-১
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-২
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

১৮/ Assessment Committee এর সুপারিশ যাচাই বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

13.02.17

কমিশনার

প্রস্তাব

15.02.17

১৯। অনুচ্ছেদ মোতাবেক সাময়িক [illegible]

15.02.17

(ফরিদ আহম্মেদ)
সহকারী রাজস্ব কর্মকর্তা
সেকশন-৫(এ)
কাস্টম হাউজ, চট্টগ্রাম।

মোঃ দিলদার হোসেন ভূঁইয়া
রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)
কাস্টম হাউজ, চট্টগ্রাম।

২০/

আরডি কার্যক্রম/ ম্যানুয়াল গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সহকারী

সঃ রাঃ হিঃ শাখা

(২১) R/D no- 8204 (185) এর কার্যক্রম গ্রহণ করা হলো।

দেখা হলো

১৫। ০৮/০২/১৭ তারিখ আমদানিকারক M/s. The Aircons, House-39, Road-05, Block-C, Banosree, Rampura, Dhaka কর্তৃক এলসি নং-০০০০১০৮০১৬০১০২৮৮ তারিখঃ ৩১/০৮/১৬ এর আওতায় আমদানিকৃত VRF Air Conditioning System এর বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় আলোচ্য চালানের ইনভয়েস, প্যাকিং লিষ্ট, প্রোফর্মা ইনভয়েস ও Explanatory Notes Of Harmounized System এর ব্যাখ্যা পর্যালোচনা করা হয়েছে।

১৬। গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ (জিটিসিএল) এর পত্র সূত্র নং-২৮.১৪.০০০০.১৭০.০৬.০০৫.১৭.২১৮ তারিখঃ ০৫/০২/১৭ উল্লেখ করেন যে, "Air Cooler গুলো GTCL প্রধান কার্যালয়ের জন্যই আমদানি করা হয়েছে যা বন্দর থেকে GTCL প্রধান কার্যালয় ভবন পর্যন্ত মামলামগুলো পৌঁছানোর দায়িত্ব GTCL বহন করবে। উল্লেখ্য যে, ইতোমধ্যে প্রকল্পের Air Cooler স্থাপন ব্যতীত সকল কাজ সম্পন্ন হয়েছে। আগামী মার্চ ২০১৭ এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভবনটি শুভ উদ্বোধনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত শুভ উদ্বোধনের পূর্বে প্রকল্পের সমূদয় বাস্তব কাজ সম্পাদনের নিমিত্ত আমদানিকৃত Air Cooler সমূহ দ্রুততম সময়ের মধ্যে ছাড়করণের জন্য অনুরোধ করেন"।

১৭। পণ্য চালানটি স্থাপনের পর চুয়েটের বিশেষজ্ঞের প্রতিবেদন দাখিলের শর্তে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আলোচ্য পন্য চালানটি VRF Air Conditioning System হওয়ায় এইচ এস কোড ৮৪১৫.১০.১০ এ শ্রেনীবিন্যাসপূর্বক সাময়িক শুল্কায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। জাতীয় রাজস্ব বোর্ডের এতদসংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে স্থাপন স্থল পরিদর্শনপূর্বক বিশেষজ্ঞগণ প্রতিবেদন দাখিল করবেন। পরিদর্শনকালে সহকারী কমিশনারের নিম্নে নয় এমন একজন কর্মকর্তা ও বিশেষজ্ঞগণের সাথে স্থাপনা পরিদর্শন করবেন। চুয়েটের বিশেষজ্ঞের প্রতিবেদন যদি ঘোষণার বহির্ভূত Cooling Capacity (অর্থাৎ Single Outdoor Condensing Unit হিসেবে- না হলে) এর ক্ষেত্রে বিধি মোতাবেক শুল্ককরাদি পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। যেহেতু পণ্য চালানটি VRF Air Conditioning System গঠিত হবে মর্মে এইচ এস কোড ৮৪১৫.১০.১০ এ শ্রেনীবিন্যাসপূর্বক শুল্কায়নের বিষয়ে কমিটির সদস্যগণ একমত পোষন করেন। উল্লেখ্য, এটি একটি সরকারী প্রজেক্ট বিধায় এ ক্ষেত্রে এ সিদ্ধান্ত প্রযোজ্য হলেও অন্যান্য বাণিজ্যিক আমদানিকারকের ক্ষেত্রে এ সিদ্ধান্ত প্রযোজ্য হবে না মর্মেও এ্যাসেসমেন্ট কমিটি সিদ্ধান্ত প্রদান করেন।

চিটাগাং চেম্বার প্রতিনিধি | বিজিএমইএ প্রতিনিধি | চিটাগাং এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি

12.02.17
সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

12.2.17
রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

ডেপুটি কমিশনার
শুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-৩
(সদস্য)

12.02.17
যুগ্ম কমিশনার-২
(সদস্য)

যুগ্ম কমিশনার-১
(সদস্য)

13.02.17
অতিরিক্ত কমিশনার-২
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

Assessment Committee এর সুপারিশ সদয় বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

13.02.17

কমিশনার

13.2.17

AC-1

১৩/২
২০১৭

নথি নং-[illegible]/সেকশন-৫(এ)/১৩-১৪

১৫ । অদ্য ২৭-১১-২০১৩ খ্রিঃ সকাল ১১.৩০ টায় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় পণ্যের নমুনা, GRI, BCT, কাস্টমস এ্যাক্ট ও Explanatory Notes এর আলোকে উপস্থাপিত বিষয় পর্যালোচনা করা হয়। ইনভয়েস ঘোষণা অনুযায়ী পণ্য হলো Body for Refrigerator এবং ঘোষিত এইচ এস কোড ৮৪১৮.৯৯.১০ (শুল্কহার ২৫%+৫%+১৫%+অন্যান্য করাদি প্রযোজ্য)। পণ্য চালান ১০০% কায়িক পরীক্ষা করা হয় এবং কায়িক পরীক্ষা প্রতিবেদনে পণ্য ইনভয়েস ও প্যাকিং লিষ্ট অনুযায়ী যথাযথ মর্মে উল্লেখ করা হয়। কিন্তু Body এর সাথে Evaporator, Condensor ইত্যাদি আছে কিনা তা সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি। Explanatory Notes heading 84.18 এ বলা হয়েছে- ৮৪.১৮ হেডিং ভুক্ত Refrigerator প্রধানত দু'ধরনের, যথাঃ

a) Compression type refrigerators এবং

b) Absorption type refrigerators

১৬ । Apparatus of the forgoing kinds are classified in this heading if in the following forms:

(1) Cabinet or other furniture or appliances incorporating a completing refrigerating unit or an evaporator of a refrigerating unit, whether or not equipped with ancillary devices such an agitators, mixers, moulds.

(2) These appliance include domestic refrigerators, refrigerated showcase and counters, ice-cream or frozen food storage containers ..........etc.". অর্থাৎ Refrigerator Body তে evaporator সংযুক্ত থাকলে তা Complete Refrigerator হিসেবে শ্রেণীবিন্যস্ত হবে। পণ্যের নমুনা এবং Explanatory Notes পর্যালোচনা করে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ একমত হন যে, আলোচ্য চালানের Refrigerator Body তে যেহেতু Evaporator আছে তাই Complete Refrigerator এর এইচ এস কোড ৮৪১৮.২১.০০ হিসেবে শ্রেণীবিন্যস্ত হবে।

১৭ । ডাটাবেজ পর্যালোচনায় দেখা যায়, Evaporator, Condensor এবং Compressor ছাড়া Refrigerator Body প্রতি কেজি ১.৫০ মাঃ ডলারে শুল্কায়ন করা হয়ে থাকে। কিন্তু এ ক্ষেত্রে Refrigerator Body তে Evaporator এবং Condensor সংযুক্ত থাকায় মূল্য সংযোজন হয়েছে বিধায় প্রতি কেজি ১.৭০ মাঃ ডলার হিসেবে শুল্কায়নের বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ একমত পোষণ করেন।

আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি

সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি

চেম্বার প্রতিনিধি

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-(৫)

সহকারী কমিশনার
কাস্টম হাউস চট্টগ্রাম
সহকারী কমিশনার
শুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-৩
(সদস্য)
মোঃ আবদুল হাকিম
জয়েন্ট কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

যুগ্ম কমিশনার-২
(সদস্য)

যুগ্ম কমিশনার-১
(সদস্য)
মোহাম্মদ নেয়াজুর রহমান
যুগ্ম কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম

অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

১২। অদ্য ১৮/০৭/২০১৬ খ্রিঃ তারিখে বেলা-১২:৪৫ ঘটিকায় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বি/ই নং- সি-৭৮৩০২১ তাং- ২৮/০৫/২০১৮ এর মাধ্যমে আমদানিকৃত পণ্য POULTRY KEEPING MACHINERY, আমদানিকারকের বি/ই তে ঘোষিত H. S. Code 8436.29.00 এবং সামগ্রিক এ্যাসেসমেন্টের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

১৩। আমদানিকারক এর বক্তব্য ঃ

আমদানিকারক একজন শিল্প উদ্দোক্তা। আলোচ্য POULTRY KEEPING ইন্ডাষ্ট্রিতে তার ৩৪ কোটি টাকার বিনিয়োগ আছে। একটি প্রোফরমা ইনভয়েস এর বিপরীতে মোট ০৩টি কর্মাশিয়াল ইনভয়েস এর মাধ্যমে ০২টি চালান আমদানি করা হয় এবং অপর একটি চালান আমদানির প্রক্রিয়াধীন। আমদানি/ খালাস প্রক্রিয়া সম্পন্ন করতে একজন আমদানিকারক বস্তুত পক্ষে তার মনোনীত সিএন্ডএফ এজেন্টের উপর নির্ভরশীল থাকে। প্রথম পণ্য চালানটি শুল্কায়নের পূর্বে কোন ধরনের এসআরও সুবিধা আছে কিনা কিংবা নথির মাধ্যমে উপস্থাপনপূর্বক শুল্কায়ন সম্পন্ন হয় কিনা সে বিষয়ে তার কোন ধারণা ছিল না। এক্ষেত্রে সিএন্ডএফ এজেন্টের দক্ষতা ও অজ্ঞতা অনেক অংশে দায়ী আমদানিকারক জানান। আমদানিকারক আরও উল্লেখ করেন যে, বিগত ০২ মাসে তার ২০ হাজার মুরগির বাচ্চা মৃত্যু হয়। মানবিক বিবেচনায় আলোচ্য পণ্য চালানটি রেয়াতী সুবিধা প্রদানের মাধ্যমে খালাস তথা POULTRY KEEPING ইন্ডাষ্ট্রি কে বাঁচাতে কাস্টমস কর্তৃপক্ষের সুবিবেচনা কামনা করেন।

১৪। চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর প্রতিনিধি এর বক্তব্য ঃ শুল্কায়ন সেকশন কর্তৃক খালাসকৃত প্রথম পণ্য চালান এবং শুল্ক গোয়েন্দা কর্তৃক আটককৃত দ্বিতীয় পণ্য চালানের শুল্কায়ন কার্যক্রম সঠিক আছে মর্মে মতামত প্রদান করেন। এছাড়া Agro শিল্প বাঁচানোর স্বার্থে দ্বিতীয় পণ্য চালানটি দ্রুত খালাসের জন্য সুপারিশ প্রদান করেন।

১৫। সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধির বক্তব্য ঃ শুল্কায়ন সেকশন কর্তৃক খালাসকৃত প্রথম পণ্য চালান এবং শুল্ক গোয়েন্দা কর্তৃক আটককৃত দ্বিতীয় পণ্য চালানের শুল্কায়ন কার্যক্রম সঠিক আছে মর্মে তিনিও মতামত প্রদান করেন।

১৬। শুল্ক গোয়েন্দার প্রতিনিধির বক্তব্য ঃ বর্তমান চালানের বিষয়ে (২য় চালান) শুল্ক গোয়েন্দা কর্তৃক প্রদানকৃত প্রতিবেদন সঠিক আছে মর্মে তিনি মতামত প্রদান করেন। তবে প্রোফরমা ইনভয়েস, এলসি এবং উক্ত প্রোফরমা ইনভয়েস, এলসি এর বিপরীতে ০৩টি কমার্শিয়াল ইনভয়েস সামগ্রিকভাবে বিবেচনায় নিয়ে কাস্টম হাউস কর্তৃক Industrial বিবেচনায় এসআরও ও নীতিমালার আলোকে রেয়াতি সুবিধা প্রদান করা হলে সে বিষয়ে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এর কোন আপত্তি নেই মর্মে সভাকে অবহিত করবেন।

১৭। সিদ্ধান্ত ঃ সার্বিক বিষয়াদি পর্যালোচনা করে Assessment Committee-র সদস্যগণ আলোচ্য বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন-

(ক) এসআরও নং- ১২৫-আইন/২০১৭/১৪/কাস্টমস, তারিখ- ০১.০৬.২০১৭ এর সংশোধিত এসআরও নং- ২১২-আইন/২০১৭/৫৫/কাস্টমস, তারিখ- ০১.০৭.২০১৭ ইং এবং শিল্পখাতের প্ল্যান্ট, মেশিনারি বা মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর এর রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত নীতিমালা সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০৩.০২০.১৫/৫৭(৪), তারিখ- ০৪/০২/২০১৬ খ্রিঃ এর আলোকে আলোচ্য প্রতিষ্ঠান ইন্ডাষ্ট্রিয়াল হওয়ায় রেয়াতি সুবিধা প্রযোজ্য। কিন্তু উক্ত নীতিমালার আলোকে প্ল্যান্ট সুবিধার জন্য প্রথম বিল অব এন্ট্রি দাখিলের সময় নীতিমালার পরিশিষ্ট মোতাবেক একই এইচ এস কোডে শুল্কায়নের জন্য কমিশনার মহোদয় বরাবর আবেদন করে অনুমোদন নেয়ার বাধ্যবাধকতা ছিল এবং অনুমোদন সাপেক্ষে পরবর্তী চালানের ক্ষেত্রে সহকারী/ডেপুটি কমিশনার কর্তৃক অনুমোদন নেয়ার বাধ্যবাধকতা ছিল। কিন্তু আমদানিকারক অনুমোদন গ্রহণ না করে ফোল্ডার এর মাধ্যমে দুটি পণ্য চালান রাজস্ব কর্মকর্তা পর্যায়ে শুল্কায়ন করেছেন। এক্ষেত্রে আমদানিকারক উল্লিখিত নীতিমালা লংঘন করায় আলোচ্য চালান সমুহ ন্যায় নির্ণয়ের মাধ্যমে প্ল্যাট সুবিধায় রেয়াতি হারে পুনঃ শুল্কায়ন করা যেতে পারে মর্মে Assessment Committee-র সকল সদস্য একমত পোষন করেন।

(খ) এছাড়া সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এর বিরুদ্ধে লাইসেন্স শাখা হতে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে কর্তব্য সম্পাদনে যথাযথ সতর্কতা অবলম্বন না করায় ব্যাখ্যা তলব করা দেতে পারে।

আমদানিকারকের প্রতিনিধি

সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধি — ২৮/০৭/১৮

চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর প্রতিনিধি — ২৮/০৭/১৮

এ্যাসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার, শুল্কায়ন সেকশন-৫(এ) — সহকারী রাজস্ব কর্মকর্তা, সেকশন-৫ (এ), কাস্টম হাউস, চট্টগ্রাম।

রেভিনিউ অফিসার, শুল্কায়ন সেকশন-৫(এ) — রাজস্ব কর্মকর্তা (তদন্ত), শুল্কায়ন সেকশন-৫ (এ), কাস্টম হাউস, চট্টগ্রাম।

শুল্ক গোয়েন্দার প্রতিনিধি — উপ-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।

ডেপুটি কমিশনার, শুল্কায়ন সেকশন-৫(এ) — ২৮.০৭.২০১৮ — মোঃ শাকিল খন্দকার, ডেপুটি কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।

যুগ্ম কমিশনার

এডিশনাল কমিশনার — মোহাম্মদ শফি উদ্দিন, অতিরিক্ত কমিশনার, কাস্টমস

এডিশনাল কমিশনার-১ — ২৮/৭/১৮ — এ.কে.এম. মাহবুবুর রহমান

- ১ -

১৭। অনু: ২৭ তে বর্ণিত এ্যাসেসমেন্ট নথিটির মূল্যায়নের সময় উপযুক্ত মূল্য ... হেতু পাওয়া/আদায়যোগ্য গৃহীত ব্যবস্থাদি ... ও তদন্ত অধিদপ্তরকে অবহিত করা যায়।

১৯/৭/১৮

এ.কে.এম. মাহবুবুর রহমান
এডিশনাল কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।

১৮। ~~...~~ প্রেরিত প্রস্তাবনা ... করা হলো, সাধিক হিসাবে ৫০,০০% হারে জরিমানা আরোপ করা হলো।

১৯। অন্যান্য বিষয়ে প্রস্তাবমতে যথাযথ প্রক্রিয়ায় ব্যবস্থা নেই।

D/C

এ.কে.এম. মাহবুবুর রহমান
এডিশনাল কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।

ড. এ কে এম নুরুজ্জামান
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

১২.০৭.১৮

RO

অনুচ্ছেদ মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হলো

মোঃ মেহেরাব আলী
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
শুল্কায়ন সেকশন-৫ (এ)

অমল চন্দ্র রায়
সহকারী রাজস্ব কর্মকর্তা

২৩। ৯/৯/২০১৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় এডিশনাল কমিশনার-১ মহোদয়ের অফিস কক্ষে তার সভাপতিত্বে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় আমদানিকারকের প্রতিনিধি, সিএন্ডএফ এজেন্ট এ্যাসোসিয়েশনের প্রতিনিধি, চেম্বার অব কমার্সের প্রতিনিধি এবং কাস্টম হাউসের উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ্যাসেসমেন্ট কমিটি পণ্যের এইচ এস কোড বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

২৪। ঘোষণা মোতাবেক পণ্য হ'ল Capital Machinery for Pharmaceuticals industry: Industrial Air conditioning system consisting of Air handiling Units, Air Terminals, Filters, chilled water valves & Ducting accessories ও এইচ এস কোড ৮৪১৫.৮২.২০ (শুল্কহার-২%)। চালানে আমদানিকৃত মূল পণ্য হ'ল Air Handiling Unit। উক্ত পণ্যের সাথে আমদানিকৃত Accessories যেমন GL Steel Sheet, Insulation Pipe ইত্যাদি মুল মেশিনের সাথে প্রযোজ্য হবে কিনা অর্থাৎ ঘোষিত এইচ এস কোড ৮৪১৫.৮২.২০ (শুল্কহার-২%) তে শুল্কায়নযোগ্য হবে কিনা সে বিষয়ে জটিলতা দেখা দেওয়ায় এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে বিষয়টির নিস্পত্তির প্রস্তাব কমিশনার মহোদয় কর্তৃক অনুমোদিত হয়।

২৫। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-১(৪৭)শুঃ নীঃ ও বাঃ/২০০৫/১৪১ তারিখ:৮/৪/২০১২ এর প্যারা-৩ এ Air conditioning machine যেমন Chiller, air Handling Unit ইত্যাদিকে সাপোর্ট করার জন্য Ducting/piping কোন Auxiliary নয়; Integral Part হিসাবে উল্লেখ করা হয়েছে।

২৬। এ্যাসেসমেন্ট কমিটিতে জাতীয় রাজস্ব বোর্ডের উপরিল্লিখিত পত্র, দাখিলকৃত দলিলাদি, ক্যাটালগ, লে-আউট প্লান ও আমদানিকারক কর্তৃক প্রেরিত বিশেষজ্ঞের বক্তব্য পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় আমদানিকৃত Accessories গুলি মূলত Air Handiling Unit এর Essential Accessories হিসাবে গণ্যযোগ্য এবং এসকল পণ্য Air Handiling Unit এর কার্যকরী ফাংশন সম্পাদনের অত্যাবশ্যকীয় Parts হিসাবে এইচ এস কোড ৮৪১৫.৮২.২০ (শুল্কহার-২%) তে শ্রেনীবিন্যাসযোগ্য

২৭। এ্যাসেসমেন্ট কমিটির সভায় দলিলাদি, ক্যাটালগ, লে-আউট প্লান, আমদানিকারক কর্তৃক প্রেরিত বিশেষজ্ঞের বক্তব্য, জাতীয় রাজস্ব বোর্ডের পত্র, 1st Schedule এবং Explanatory Notes পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় আলোচ্য চালানে আমদানিকৃত Accessories গুলি মূলত Air Handiling Unit এর Essential Accessories হিসাবে প্রতীয়মান হওয়ায় আলোচ্য চালানে আমদানিকৃত সকল পণ্য এইচ এস কোড ৮৪১৫.৮২.২০ (শুল্কহার-২%) তে শ্রেনীবিন্যাসিত হবে মর্মে উপস্থিত সদস্যগণ ঐক্যমত পোষণ করেন।

| | | |
|---|---|---|
| আমদানিকারক সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি<br>সদস্য | সিএন্ডএফ এজেন্ট এ্যাসোসিয়েশনের প্রতিনিধি<br>সদস্য | আজহারুল ইসলাম চৌধুরী<br>চেম্বার অব কমার্সের প্রতিনিধি<br>সদস্য |
| (মোঃ মাসুদ হাসান)<br>রেভিনিউ অফিসার (চঃদাঃ)<br>শুল্কায়ন সেকশন-৫(এ)<br>সদস্য | (মোহাম্মদ জাকির হোসেন)<br>এ্যাসিস্ট্যান্ট কমিশনার<br>সদস্য (সচিব) | (মোঃ ফজলুল হক)<br>জয়েন্ট কমিশনার-৪<br>সদস্য |
| (মোঃ আবদুল হাকিম)<br>জয়েন্ট কমিশনার-৩<br>সদস্য | জনাব শেখ আবু ফয়সল মোঃ মুরাদ<br>জয়েন্ট কমিশনার অব কাস্টমস-২<br>সদস্য | (মোঃ নেয়াজুর রহমান)<br>জয়েন্ট কমিশনার-১<br>সদস্য |
| (সুরেশ চন্দ্র বিশ্বাস)<br>এডিশনাল কমিশনার<br>সভাপতি | | |

২১। ০৭-০৩-২০১৬ খ্রিঃ তারিখে অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় GRI, BCT, দি কাস্টমস এ্যাক্ট ও Explanatory Notes এর আলোকে উপস্থাপিত বিষয় পর্যালোচনা করা হয়। ইনভয়েস ঘোষণা অনুযায়ী পণ্য হলো Medical Equipment, Mortuary Cooling, Model: LTKZ HS 2-5 এবং ঘোষিত এইচ এস কোড ৮৪১৮.৬৯.১০ (শুল্ক ১%+এটিভি ৪%)। আলোচ্য চালানে আমদানিকৃত পণ্য বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানি করা হয়েছে বিধায় এইচ এস কোড ৮৪১৮.৬৯.১০ প্রযোজ্য হবে না।

২২। চালানে দাখিলকৃত দলিলাদি, কায়িক পরীক্ষা প্রতিবেদন, GRI, BCT, দি কাস্টমস এ্যাক্ট ও Explanatory Notes পর্যালোচনায় আমদানিকৃত পণ্য Medical Equipment, Mortuary Cooling, Model: LTKZ HS 2-5 এইচ এস কোড ৮৪১৮.৬৯.৯৯ তে শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ ঐক্যমত পোষন করেন।

আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি | সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি

০৮-০৩-২০১৬

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

০৮-০৩-১৬

এ্যাসিস্ট্যান্ট কমিশনার
শুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-২
(সদস্য)

০৮-০৩-২০১৬
যুগ্ম কমিশনার-১
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-২
(সদস্য)

০৯/০৩/২০১৬
অতিরিক্ত কমিশনার-১
(সভাপতি)

২৩। নোট অনু: ২১ ও ২২ এ প্রস্তাবমতে প্রস্তাবিত HS Code এ শুল্কায়ন করা যেতে পারে।

০৯/০৩/২০১৬
মোঃ আজিজুর রহমান
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

কমিশনার
১০/৩/১৬

নথি নং-৬০৫/সেকশন-৫(এ)/২০১৫-১৬

২০। ২৬/১০/২০১৫খ্রিঃ তারিখে অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় GRI, BCT, কাস্টমস এ্যাক্ট ও Explanatory Notes এর আলোকে উপস্থাপিত বিষয় পর্যালোচনা করা হয়। ইনভয়েস ঘোষণা অনুযায়ী পণ্য হলো KP20 FLAKE ICE Machine ঘোষিত এইচ.এস.কোড ৮৪১৮.৬৯.৯৩ ।

২১। চালানের দাখিলকৃত দলিলাদি পর্যালোচনায় দেখা যায়, KP20 FLAKE ICE Machine এর ধরণ, বৈশিষ্ট্য বিবেচনায় উক্ত পণ্যের এইচ.এস.কোড ৮৪১৮.৬৯.৯৯ তে শ্রেণীবিন্যাসযোগ্য মর্মে এ্যাসেসমেন্ট কমিটির সদস্যগণ ঐক্যমত পোষন করেন।

| | | |
|---|---|---|
| 01/11/15<br>আমদানিকারক/সিএন্ডএফ প্রতিনিধি | সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি |
| 01.11.15<br>সহকারী রাজস্ব কর্মকর্তা<br>শুল্কায়ন সেকশন-৫(এ) | 26.10.15<br>রাজস্ব কর্মকর্তা<br>শুল্কায়ন সেকশন-৫(এ) | 02.11.15<br>এ্যাসিস্ট্যান্ট কমিশনারশুল্কায়ন সেকশন-৫(এ) (সদস্য সচিব) |
| যুগ্ম কমিশনার-২<br>(সদস্য) | 04.11.2015<br>যুগ্ম কমিশনার-১<br>(সদস্য) | ০৪/১১<br>অতিরিক্ত কমিশনার-২<br>(সদস্য) |

অতিরিক্ত কমিশনার-১
(সদস্য)

[illegible]

মুহাম্মদ মুবিনুল কবীর
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম

08.11.15

নাসরিন আকতার খুকি
এ্যাসিস্ট্যান্ট কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম

08.11.15

২০। ১৪-০২-২০১৮ বিকাল ৩.৩০ ঘটিকায় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। আমদাঃM/S. NRG Spinning Mills Ltd, Jamirdia, Masterbari, Mymensingh কর্তৃক এলসি নং-0000100317010317, Date: 11.10.2017, ইনভয়েস নং-E20170919-1, Date: 13.12.2017, বিএল নং-OOLU4034255100 Date: 18.12.2017 এর মাধ্যমে Brand New Libr Adsorption Chiller এইচ এস কোড ৮৪১৮.৬৯.১০ (শুল্ক ১%) ঘোষণা দিয়ে পণ্য চালানটি আমদানি করে খালাসের নিমিত্তে বিল-অব-এন্ট্রি নং-সি-৬৪৪২১ তারিখ-১১/০১/২০১৮ইং দাখিল করা হয়।

২১। পণ্যচালানটি সংশ্লিষ্ট Detailed Packing List পর্যালোচনায় দেখা যায় যে, পণ্যচালানটিতে Absorption Chiller এর সাথে 16000 KGS Lithium Bromide Solution এবং 100275 KG Seamless Carbon steel line Pipe আমদানি করা হয়েছে। সমগ্র পণ্যচালানটি এইচ এস কোড ৮৪১৮৬৯১০ এর আওতায় ঘোষণা প্রদান করা হয়েছে। Lithium Bromide consumable item হওয়ায় এবং Seamless Carbon steel line Pipe কোন নির্দিষ্ট Cut এ আমদানি না হওয়ায় এবং Pipe এর প্রয়োজনীয় পরিমাণ সম্পর্কে কোন লিখিত না থাকায় স্ব স্ব এইচ এস কোড এ শুল্কায়নের প্রস্তাব করা হয় এবং আমদানিকারক বরাবর কারণ দর্শাও নোটিশ জারী করা হয়। কারণ দর্শাও নোটিশ এর জবাবে আমদানিকারক বিষয়টি Assessment Committee এর মাধ্যমে নিষ্পত্তির সিদ্ধান্ত কামনা করলে কমিশনার মহোদয় Assessment Committee এর মাধ্যমে নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

২২। আমদানিকারকের বক্তব্য ঃ

আমদানিকারকের প্রতিনিধি জানান যে, এ দপ্তরের নথি নং-২৫৩৮/এপি/সেক-৫/২০১২-২০১৩ এর নোট অনুচ্ছেদ ২২-২৪ এ Assessment কমিটির সিদ্ধান্ত মোতাবেক Lithium Bromide কে Chiller এর Integral Part (অবিচ্ছেদ্য অংশ) হিসেবে শুল্কায়নের সিদ্ধান্ত দেয়া হয়েছে এবং এটি Non Consumable Element, যা সাধারনত Lifetime ব্যবহার যোগ্য। Assessment কমিটির উপর্যুক্ত সিদ্ধান্ত বিবেচনায় আলোচ্য চালানে আমদানিকৃত পণ্যের মধ্যে Lithium Bromides এবং Pipe কে Chiller এর Integral Part (অবিচ্ছেদ্য অংশ) হিসাবে Chiller এর H S Code 8418.69.10 তে রেয়াতীহারে শুল্কায়নের আবেদন করেন। Pipe এর প্রয়োজনীয় পরিমাণ সম্পর্কে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার এর মাধ্যমে Lay out plan এ চিহ্নিত করে দেখান এবং ইঞ্জিনিয়ার কর্তৃক একটি প্রত্যয়নপত্র উপস্থাপন করেন।

২৩। কাস্টম হাউসের বক্তব্য ঃ পণ্যচালান সংশ্লিষ্ট Invoice, Proforma Inovice, Detailed Packing List ও আমদানিকারকের দাখিলকৃত লে-আউট প্ল্যান পর্যালোচনায় দেখা যায় যে, পণ্যচালানটিতে Brand New Capital Machinery ঘোষণায় Steam Operated Libr adsorption Chiller, Lithium Bromade Solution এবং Seamless Carbon steel line pipe আমদানি করা হয়েছে। পণ্যচালানটিকে একই এইচ এস কোড ৮৪১৮৬৯১০-তে ঘোষণা প্রদান করা হয়েছে। প্রকৃতপক্ষে Lithium Bromade consumable item হওয়ায় এবং Seamless Carbon steel line pipe কোন নির্দিষ্ট Cut এ আমদানি না হওয়ায় (Cut to size) স্ব স্ব এইচ এস কোডে শুল্কায়নযোগ্য। উল্লেখ্য যে, বি/ই নং-সি-১১৬৭৯৮৪, তাং-১৩/০৯/২০১৭, সি-১০৯৯৬৩৫ তাং-২৪/০৪/২০১৭, সি-১৪৫০০ তাং-০৩/০১/২০১৮, সি-১২৭৪১২৩ তাং-১০/১০/২০১৭, সি-১৩৯৪৫৯৪ তাং-০৭/১১/২০১৭ সি-১৩৬১৪৪২ তাং-৩১/০১/২০১৭ সি-১১৩৬১৪৩ তাং-৩০/০৮/২০১৭ এর মাধ্যমে আমদানিকৃত্য Lithium Bromide solutation (Chiller এর সাথে আমদানিকৃত) স্ব স্ব এইচ এস কোডে শুল্কাযনপূর্বক খালাস প্রদান করা হয়েছে।

২৪। সিদ্ধান্ত ঃ

আমদানিকারকের দলিলাদি পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য চালানের আমদানিকৃত Lithium Bromade consumable item হওয়ায় এইচ এস কোড ২৮২৭৫৯০০-তে এবং লে-আউট প্ল্যান পর্যালোচনায় ও দাখিলকৃত ইঞ্জিনিয়ারের প্রতিবেদন অনুযায়ী আমদানিকৃত Seamless Carbon steel line pipe কে Chiller এর অবিচ্ছেদ্য অংশ হিসেবে এইচ এস কোড ৮৪১৮৬৯১০-তে শুল্কায়ন এর বিষয়ে এ্যাসেসমেন্ট কমিটির সভায় উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন।

আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধি

সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন প্রতিনিধি 15/02/18

চেম্বার প্রতিনিধি

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫(এ)

রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৫ (এ)

সহকারী কমিশনার 15.02.2018
শুল্কায়ন সেকশন-৫(এ)
(সদস্য সচিব)

যুগ্ম কমিশনার-২
(সদস্য)

যুগ্ম কমিশনার-১ 17.02.18
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-২,
(সদস্য)

অতিরিক্ত কমিশনার-১ 20/2/2018
(সভাপতি

ড. নাহিদা ফরিদী
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

ড. এ কে এম নুরুজ্জামান
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

১৫। অদ্য ০৩-১২-২০১৩ খ্রিঃ বেলা ১২.০০ টায় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় ক্যাটালগ, লে-আউট প্ল্যান এবং অন্যান্য আনুসাঙ্গিক দলিলাদির ভিত্তিতে উপস্থাপিত বিষয় নিয়ে পর্যালোচনা করা হয়।

১৬। ইনভয়েস ঘোষণা অনুযায়ী পণ্য হলোঃ Brand New Central Air Conditioner: Variable refrigerant flow (VRF) । আমদানিকারক এআইআর কর্মকর্তার উপস্থিতিতে 2nd Appraisement এর ভিত্তিতে ঘোষণা মোতাবেক সঠিক প্রাপ্তি সাপেক্ষে খালাস প্রদানের জন্য কমিশনার মহোদয় বরাবর আবেদন করেন। ক্যাটালগ দেখে BTU নির্ধারণ সম্ভব হওয়ায় আবেদনকারীর আবেদন বিবেচনা করা হয়।

